

তারিখ: 09/05/2016

**আরবিআই অন্তরীণ 'R' বর্ণ বিশিষ্ট ₹1000 টাকা অর্থমূল্যের ব্যাংক নোট চালু করবে**

ভারতীয় রিজার্ভ ব্যাংক শীঘ্রই নোটের উভয় সাংখ্য সারণীতে অন্তরীণ 'R' বর্ণ বিশিষ্ট মহাত্মা গান্ধী সিরিজ -2015-এর ₹1000 টাকা অর্থমূল্যের ব্যাংক নোট চালু করবে। এই ব্যাংক নোটগুলিতে আরও থাকবে সামনের দিকে সমস্ত সুরক্ষাসূচক বৈশিষ্ট্য, তৎসহ ক্রমোচ্চ আকৃতির সংখ্যা, ব্লিড লাইনস এবং বর্ধিত আকৃতির সনাক্তকারী চিহ্ন এবং ভারতীয় রিজার্ভ ব্যাংকের গভর্নর, শ্রী রঘুরাম জি. রাজন-এর সই। এই ব্যাংক নোটগুলিতে পিছনের দিকে আরও মুদ্রিত থাকবে মুদ্রনবর্ষ '2016'।

এখন চালু হতে চলা এই ব্যাংক নোটগুলির নকশা আগে চালু হওয়া মহাত্মা গান্ধী সিরিজ -2005-এর ₹1000 টাকা অর্থমূল্যের ব্যাংক নোটগুলির সঙ্গে সর্বতোভাবে একই থাকবে।

রিজার্ভ ব্যাংক দ্বারা অতীতে চালু করা ₹1000 টাকা অর্থমূল্যের সমস্ত ব্যাংকনোট তৎসহ সাংখ্য সারণীতে ক্রমোচ্চ আকৃতির সংখ্যা বিশিষ্ট কিন্তু ব্লিড লাইন, এবং বর্ধিত আকৃতির সনাক্তকারী চিহ্ন ব্যতীত ₹1000 টাকা অর্থমূল্যের ব্যাংক নোট গুলির আইনগত পেশযোগ্যতা বজায় থাকবে।

প্রেস প্রকাশনী 2015-2016/2611

অজিত প্রসাদ  
সহকারি উপদেষ্টা (অ্যাসিস্টেন্ট অ্যাডভাইসার)